

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী
স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
তারিখ : ০৩/০৩/২০২২ খ্রি: সময় : সকাল ১২.০০ ঘটিকা ।

অদ্য ০৩/০৩/২০২২ তারিখ সকাল ১২.০০ ঘটিকায় উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটির সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত সভায় সভাপতিত্ব করেন বর্ণা রহমান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর " ক " - তে দ্রষ্টব্য ।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে অনুরোধ করেন ।

আলোচ্যসূচী :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও আলোচনা ।
- ২। ১৭ মার্চ/২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন প্রসঙ্গে ।
- ৩। শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক IMS তথ্য হালনাগাদ করন প্রসঙ্গে ।
- ৪। বিবিধ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অবহিত করেন যে, ০২। অত্র উপজেলার সকল স্কুল, কলেজ ও মাদরাসায় আগামী ১৭ মার্চ/২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন করতে হবে । ০৩। প্রতিষ্ঠান প্রধানদের বার্ষিক IMS তথ্য হালনাগাদ করন সম্পর্কে অবহিতকরনের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

২নং আলোচনা ও সিদ্ধান্ত :

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, অত্র আড়াইহাজার উপজেলাধীন সকল স্কুল, কলেজ ও মাদরাসায় আগামী ১৭ মার্চ-২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন উপলক্ষ্যে উপজেলায় র্যালী, কেঁরাত, হামদ/নাত, কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা ও আলোচনা সভা করে জাতীয় দিবস পালনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান ।

৩নং আলোচনা ও সিদ্ধান্ত :

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রত্যেক প্রতিষ্ঠান বার্ষিক IMS তথ্য হালনাগাদ করন প্রতিবছরের মার্চ মাসের মধ্যে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সবার কাজ সমাপ্তি ঘোষণা করেন ।



(বর্ণা রহমান)

সভাপতি

মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।

তারিখ: ০৪/০৩/২০২২ খ্রি:

স্মারকনং-উমাশিঅ/আড়াই/নারা/শিক্ষা স্থায়ী কমিটি-২৫৮/২১/৫৬

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১। জনাব আলহাজ্ব নজরুল ইসলাম বারু , মাননীয় জাতীয় সংসদ সদস্য, নারায়ণগঞ্জ -২
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
- ৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের (ইউডিএফ), আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৬। অফিস কপি ।



(কে এম আলোমগীর)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি
আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।